



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪০১২

২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

সূত্র: নং-০৫.৪৪.০১.৭৭.০০০.০৬.০০১.২৪-১২৬(যুক্ত); তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন সুন্দরবন ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটির সভাপতি এবং কমিটির ০৬ (ছয়) জন সদস্যর পদত্যাগের বিষয়ে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। ইত: পূর্বে মাদ্রাসা প্রধান একই বিষয়ে বিগত ১১/০১/২০২৪ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট বরাবর অভিযোগ দাখিল করেছেন। যার প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন অত্র বোর্ডে দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনের সাথে ৯৮, বাগেরহাট-০৪ এর স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব এইচ. এম বদিউজ্জমান কমিটির মধ্যে মতবিরোধ নিরসন কল্পে ও স্বাভাবিক কার্যক্রম সচল রাখতে সংগত কারণে বর্তমান ম্যানেজিং কমিটি ভেঙে বা বাতিল করে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেছেন।

মাদ্রাসা প্রধানের অভিযোগ, স্থানীয় এমপি মহোদয়ের সুপারিশ এবং উপজেলা নির্বাহী অফিসারের মতামতের প্রেক্ষিতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব প্রদানের জন্য মাদ্রাসা প্রধান এবং সভাপতিকে পত্র প্রেরণ করা হয়। তদন্তকারী কর্মকর্তার মতামত এবং স্থানীয় এমপি মহোদয়ের সুপারিশের আলোকে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল/ভেঙে দিলে প্রতিষ্ঠান প্রধানের কোন আপত্তি থাকবে না মর্মে জবাবে উল্লেখ করেছেন

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭-০৫-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)
০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, সুন্দরবন ইসলামিয়া দাখিল মাদ্রাসা, শরণখোলা, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪০১২/১(৫)

২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট;
- ৩। জেলা শিক্ষা অফিস, বাগেরহাট;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শরণখোলা, বাগেরহাট এবং
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।





০৮-০৫-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার